# রংপুর সদর উপজেলার এপ্রিল/১৮ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জিয়াউর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।

তারিখ : ০৯/০৪/২০১৮ খ্রি.
সময় : সকাল ১০.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ হলরুম।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং গত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি উপস্থিত সকলকে রংপুর সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান। সভার এজেন্ডা ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরুপ:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:-<br>সভাপতি রংপুর সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির গত ১২/০৩/২০১৮ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব আছে কিনা উপস্থিত সদস্যগণের নিকট জানতে চান। | কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২ | মার্চ/১৮ মাসের অপরাধ চিত্রের পর্যালোচনা:-(ওসি কোতয়ালী, থানা, রংপুর।)<br>অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর এর প্রতিনিধি জানান যে, মার্চ/১৮ মাসে ধর্ষন-০২, অন্যান্যভাবে-০২, সিধেল চুরি-০১, অন্যান্য চুরি-০২, খুন(অরাজ)-০২, যখম-১২, অস্ত্র আইন মামলা-০১, অন্যান্য মামলা-১৩, মাদকদ্রব্য মামলা-৬৯ সর্বমোট রুজুকৃত মামলার সংখ্যা-৭০ টি। অপরাধ পর্যালোচনায় দেখা যায় যে, সব ধরনের অপরাধের মামলা কিছুটা হ্রাস পেয়েছে। রংপুর সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নতিকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুরকে অনুরোধ জানানো হয়। | (ক) সার্বিক আইন-শৃঙ্খলার উন্নয়নে অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে ওসি কোতয়ালী থানাকে অনুরোধ করা হয়।<br>(খ) নারী ও শিশু নির্যাতন (ধর্ষনসহ) এবং অন্যান্য অপরাধ যাতে বৃদ্ধি না পায় সেজন্য সংশ্লিষ্ট সকলকে তৎপরতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br>৩। গ্রাম পুলিশগণ। |
| ৩ | সন্ত্রাস ও জঙ্গিবাদ বিষয়ে আলোচনা:-<br>সভাপতি জানান যে, রংপুর সদর উপজেলায় যাতে করে কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে সেজন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, মসজিদের ইমাম, গ্রাম পুলিশ এবং জনপ্রতিনিধিগণকে সর্বাত্বক সতর্ক থাকতে হবে। প্রতিনিধি, ইসলামিক ফাউন্ডেশন রংপুর সভায় জানান যে, মসজিদের ইমামদের নিয়ে তারা সমন্বয় সভা করেন। জুম্মার দিনে কার্যক্রম সুষ্ঠুভাবে হয় কিনা তারা এ বিষয়ে মনিটরিং করেন। তাছাড়া গ্রাম পুলিশগণ সন্ত্রাস ও জঙ্গীবাদ সম্পর্কে কোন তথ্য অবগত হলে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, ওসি, কোতায়ালী থানা, রংপুর ও স্থানীয় জনপ্রতিনিধিকে অবহিত করবেন মর্মে জানান। | (ক) শিক্ষা প্রতিষ্ঠানে এ্যাসেম্বলীর সময় এবং জুম্মা নামাজের খুৎবা পাঠের সময় মুসল্লীগণের মধ্যে সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতার কুফল সম্পর্কে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সন্ত্রাস, জঙ্গিবাদ ও নাশকতামূলক প্রতিরোধে থানা কর্তৃপক্ষসহ গ্রাম পুলিশদেরকে সঠিকভাবে দায়িত্ব পালনে সর্বাত্মক সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) গ্রাম পুলিশগন নিজ নিজ এলাকায় কোন সমস্যা দেখা দিলে তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান, সকল ইউপি, রংপুর সদর, রংপুর।<br>৩। শিক্ষা প্রতিষ্ঠারে প্রধানগন।<br>৪। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর।<br>৫। ইমাম, সকল মসজিদ।<br>৬। সকল গ্রামপুলিশ। |
| ৪ | মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে আলোচনা:-<br>সভাপতি বলেন যে, মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কর্তৃক গ্রাম পুলিশদের মাধ্যমে সন্ত্রাস ও জঙ্গীবাদ সম্পর্কে প্রতিটি মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদের পত্র দিয়ে অবহিত করার জন্য অনুরোধ করেন। | মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ, মসজিদের ইমাম ও মুয়াজ্জিনগণ সহ শিক্ষকদের সাথে মত বিনিময় সভা করে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।<br>২। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, রংপুর।<br>৩। চেয়ারম্যান, সকল ইউপি।<br>৪। গ্রাম পুলিশগণ (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | বাল্য বিবাহ, যৌতুক ও নারী নির্যাতন:-<br>সভাপতি সভায় অবহিত করেন যে, বাল্য বিবাহ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধে আমাদের সকলকে এগিয়ে আসতে হবে। তিনি বাল্য বিবাহ প্রতিরোধে বায়োস্কাপের মাধ্যমে ব্যাপক প্রচারের আহবান জানান। এ বিষয়ে চেয়ারম্যান, হরিদেবপুর ইউপি ও চন্দনপাট ইউপি, রংপুর সদর, রংপুর একমত পোষন করে সাধারন জনগনের মধ্যে বাল্য বিবাহের বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও আইন শৃঙ্খলা বাহিনীকে বলিষ্ঠ ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান। | বাল্য বিবাহ প্রতিরোধে জন প্রতিনিধি ও আইন শৃঙ্খলা বাহিনীকে সজাগ থাকার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে জনসচেতনতা সৃষ্টি করার উদ্যোগ গ্রহনের জন্য অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতায়ালী থানা, রংপুর।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর।<br>৩। চেয়ারম্যান, সকল ইউপি।<br>৪। গস্থামপুলিশগণ। |
| ৬ | মোবাইল কোর্টের অভিযান:-<br>মার্চ/২০১৮ মাসে রংপুর সদর উপজেলায় মোট ০৫টি মোবাইল কোর্টের অভিযান পরিচালিত হয়েছে। অভিযানে ০২ টি মামলায় ০২ জন ব্যক্তির নিকট হতে ১০০/- টাকা জরিমানা আদায় এবং ০৯ জন ব্যক্তিকে বিভিন্ন মেয়াদে সশ্রম /বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে। | (ক) প্রমাপ অনুযায়ী প্রয়োগসিদ্ধভাবে এবং তাৎক্ষণিক চাহিদার প্রেক্ষিতে মোবাইল কোর্টের অভিযান অব্যাহত রাখতে হবে।<br>(খ) অর্থদন্ডের পাশাপাশি যৌক্তিকভাবে কারাদন্ড প্রদান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর,রংপুর।<br>৩। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর। |
| ৭ | গ্রাম আদালতের মামলার বিবরণ:- মার্চ/১৮ মাসে রংপুর সদর উপজেলার ০৫ টি ইউনিয়নে গ্রাম আদালতে বিচারাধীন মোট মামলার সংখ্যা ৬০টি। বিবেচ্য মাসে মোট নিস্পত্তিকৃত মামলার সংখ্যা ৩২ টি। অনিস্পত্তিকৃত মামলার সংখ্যা ২৮ টি। | (ক) গ্রাম আদালতের অনিস্পন্ন মামলাসমূহ দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) স্বল্প খরচে হয়রানিমুক্তভাবে গ্রাম আদালত পরিচালনায় ইউপি চেয়ারম্যানকে আরো সজাগ থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, রংপুর সদর, রংপুর।<br>২। মো:কামরুজ্জামান, উপজেলা কো-অর্ডিনেটর, ইএসডিও, রংপুর।<br>৩। আদালত সহকারী (সকল)। |
| ৮ | খাদ্যে ফরমালিনের ব্যবহার ও বিষাক্ত রাসায়নিক মিশ্রণ রোধকরণ:-<br>সভাপতি জানান যে, কাঁচা শাক সবজিসহ ফলমূল, মাছ, মাংস, খাদ্যদ্রব্যে ফরমালিনের ব্যবহার এবং জাটকা ইলিশ সংক্রান্ত বিষয়ে অনেক অভিযোগ পাওয়া যাচ্ছে। ফরমালিনের ব্যবহার বন্ধ ও জাটকা ইলিশ বিক্রয় বন্ধ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে মোবাইল কোর্ট পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। এছাড়া ভোক্তা হিসেবে সকল সচেতন নাগরিককে ভোক্তা অধিকার সংশোধন আইন ২০০৯ এর অধিকার হিসেবে আরো সজাগ থাকতে হবে। | (ক) খাদ্যদ্রব্যে ফরমালিনের ব্যবহার ও বিষাক্ত রাসায়নিকের মিশ্রণ রোধ, জাটকা ইলিশ বিক্রয় বন্ধ এবং মানসম্মত খাবার পরিবেশনে মোবাইল কোর্টের অভিযান প্রয়োগসিদ্ধভাবে অব্যাহত রাখতে হবে।<br>(খ) ভোক্তা অধিকার সংশোধন আইন-২০০৯ এর যথাযথ ব্যবহার নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, রংপুর সদর, রংপুর।<br>২। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর,রংপুর।<br>৩। উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৪। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৫। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৬। সকল ইউপি চেয়ারম্যান। |
| ৯ | বিবিধ:-<br>সভাপতি সভায় অবহিত করেন যে, আগামী ১৪ এপ্রিল ২০১৮ তারিখে বাংলা নববর্ষ ১৪২৫ পহেলা বৈশাখ উদযাপন করার ব্যাপারে রংপুর সদর উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ দিবসটি উদযাপনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। পহেলা বৈশাখ ১৪২৫ উদযাপন উপলক্ষ্যে রংপুর সদর উপজেলা পরিষদের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে যথাযথভাবে উদযপানের লক্ষ্যে সার্বিক সহযোগিতা করার জন্য আহবান জানান। | (ক) পহেলা বৈশাখ-১৪২৫ যথাযথভাবে উদযাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে দিবসটি যথাযথ মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রপুর সদর, রংপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), রংপুর সদর, রংপুর। |
| | চেয়ারম্যান, হরিদেবপুর ইউপি, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, আইনের শাসন প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার ব্যবস্থাকে শক্তিশালী করার অনুরোধ করেন। বাল্য বিবাহ প্রতিরোধের জন্য প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে কেবিনেট গঠন করার আহবান জানান। এজন্য প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে শিক্ষার্থীদের তালিকা ইউনিয়ন পরিষদের | (ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ কেবিনেটের তালিকাভুক্ত শিক্ষার্থীদের তালিকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগনের নিকট দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) অবৈধ বালু উত্তোলনকারীদের বিরুদ্ধে সকলে একত্রিত হয়ে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর সদর, রংপুর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল), রংপুর সদর, রংপুর।<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যানগনকে প্রদানের জন্য আলোচনা হয়। তাছাড়া রংপুর সদর উপজেলা থানাটি সিটি কর্পোরেশন হতে আলাদা করার জন্য দ্রুত ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানান। অবৈধভাবে বালু উত্তোলন বন্ধ করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ জানান। | | |
| | চেয়ারম্যান, চন্দনপাট ইউপি, রংপুর সদর, রংপুর সাধারন জনগনের মধ্যে বাল্য বিবাহের বিষয়ে সচেতনতা বৃদ্ধি ও জনপ্রতিনিধিগণকে বাল্য বিবাহ প্রতিরোধ করার জন্য অনুরোধ জানান। শিক্ষার গুণগত মান বৃদ্ধি ও শিক্ষার্থীরা যাতে বিভিন্ন স্থানে আড্ডা না দেয় সে ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মনিটরিং করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে অভিভাবক সমাবেশ করারও প্রস্তাব দেন। তাছাড়া তিনি অযোদ্ধাপুর রেললাইন মাটিয়াপাড়া হাটের পাশে জুয়া খেলা বন্ধের জন্য আহবান জানান এবং অটো ছিনতাইকারীদের দ্রুত গ্রেফতারের জন্য আহবান জানান। | (ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ সভাপতি ও স্থানীয় গণ্যমান্য ব্যাক্তির সাথে আলোচনাক্রমে অভিভাবক সমাবেশের পদক্ষেপ নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) জুয়া খেলা বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর।<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| | চেয়ারম্যান, সদ্যপুস্কুরিনী সভায় অবহিত করেন যে, তার পিছিয়ে পড়া ইউনিয়ন বর্তমানে কিছুটা উন্নত হয়েছে।কিন্তু সদ্যপুস্কুরিনী ইউনিয়নের ধাপের হাট হাই স্কুল, পালিচড়া হাটের টাওয়ার এবং দোলাপাড়া বাঁশঝাড় এলাকায় জুয়া খেলার প্রকোপ অনেক বৃদ্ধি পেয়েছে। রাত্রিকালীন সময়ে কেরাম বোর্ডের মাধ্যমেও জুয়া খেলা হয়। এজন্য আইন শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষন করে পুলিশি টহল বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান। | ১। সার্বিক আইন-শৃঙ্খলার উন্নয়নে অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে ওসি কোতয়ালী থানাকে অনুরোধ করা হয়।<br>২। জুয়া খেলা বন্ধে পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।<br>২। চেয়ারম্যান(সকল)<br>৩। গ্রাম পুলিশগণ। |
| | চেয়ারম্যান, খলেয়া ইউপি, রংপুর সদর, রংপুর সভায় অবহিত করেন যে, তার ইউনিয়নে কৌশলে স্ট্যাম্পের মাধ্যমে দাদন ব্যবসা অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। প্রশাসনিকভাবে দাদন ব্যবসা বন্ধ ও দাদনব্যবসায়ীদেরকে সর্তক করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করা জন্য অনুরোধ জানান। | ইউপি চেয়ারম্যনগন দাদন ব্যবসায়ীদের তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল), রংপুর সদর, রংপুর। |
| | অফিসার ইনচার্জ, কোতয়ালী থানার প্রতিনিধি, সভায় জানান যে, বর্তমানে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়া উপজেলা আইন-শৃঙ্খলা কমিটিতে যে বিষয়গুলো আলোচনা হয় সে বিষয়গুলো যথাযথভাবে বাস্তবায়নের জন্য চেষ্টা করা হয়। পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে আইন শৃঙ্খলা বাহিনীকে যথাযথ সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) আইন শৃঙ্খলা সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করার করার জন্য ওসি, কোতয়ালী থানাকে অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর<br>২। চেয়ারম্যান (সকল), ইউপি।<br>৩। গ্রাম পুলিশগন |
| ১০ | উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, রংপুর সদর, রংপুর উপরে আলোচিত আইন-শৃঙ্খলা বিষয়ক কমিটির সিদ্ধান্তসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | আইন শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

৭.৮.১৮

(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
রংপুর সদর, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।
www.rangpursadar.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০২.০১৩.১৮-৪১৮(৪০) তারিখঃ- ০৩ বৈশাখ, ১৪২৫ ব.
১৬ এপ্রিল, ২০১৮ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, রংপুর।
৪। পুলিশ সুপার, রংপুর।
৫। উপ পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৬। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
৮। সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর।
৯। অফিসার ইনচার্জ, কোতয়ালী থানা, রংপুর।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, রংপুর সদর, রংপুর।
১১। উপজেলা ................................ অফিসার, রংপুর সদর, রংপুর।
১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার........................................ কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, রংপুর সদর, রংপর।
১৩। চেয়ারম্যান .............................. (সকল) ইউপি, রংপুর সদর, রংপুর।
১৪। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, রংপুর সদর, রংপুর।
১৫। অফিস নথি।

16.4.18
(জিয়াউর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নং- ০৫২১-৬২১১৬
E-mail: unorangpur@mopa.gov.bd